

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/25/2019

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো

**গোভারনেউরে শিক্ষার্থীর উপর বিদ্বেষমূলক অপরাধের অভিযোগের তদন্তের জন্য স্টেট হিউমান রাইটস ডিভিশনকে (DIVISION OF HUMAN RIGHTS, DHR) নির্দেশ দেন গভর্নর কুওমো**

"গোভারনেউর শহরে 10 বছর বয়সী আফ্রিকান আমেরিকান মেয়ের ওপর ভয়ঙ্কর, 20 মিনিটের বর্ণ বিদ্বেষী হামলার খবরে আমি আতঙ্কিত। এই অভিযোগ যে তার নিজের সহপাঠীরা একটি স্কুল বাসে, একটি প্রাপ্তবয়স্ক মনিটরের উপস্থিতিতে, এই ঘটনা সংঘটিত করে, এই ঘটনাকে আরো বিস্ময়কর এবং উদ্বেগজনক করে তোলে। আমরা যখন আমাদের বাচ্চাদের স্কুলে যাবার বাসে তুলি, আমরা আমাদের সবচেয়ে মূল্যবান সম্পদ অন্যদের উপর অর্পন করি তাদের বিশ্বাস করে এবং এটি সেই বিশ্বাসের একটি শোচনীয় এবং ক্ষমার অযোগ্য লঙ্ঘন।

সম্প্রতি বিদ্বেষ চালিত অপরাধ ও বৈষম্যমূলক আচরণ বেড়ে যাওয়ায়, এই গ্রীষ্মে আমি আইন স্বাক্ষর করেছি যা নিউ ইয়র্ক স্টেটের হিউমান রাইটস বিভাগের কর্তৃত্ব সম্প্রসারণ করে সরকারি স্কুলে বৈষম্যের ঘটনা তদন্ত করার জন্য, স্কুল বাসসহ। অবিলম্বে এই জঘন্য কাজের বিরুদ্ধে তদন্ত শুরু করার জন্য এবং যদি প্রয়োজ্য হয়, তাহলে অপরাধীদের বিরুদ্ধে আইনের পূর্ণ মাত্রায় আইনানুগ ব্যবস্থা নেওয়ার জন্য আমি মানবাধিকার বিভাগকে (DHR)-কে নির্দেশ দিচ্ছি। আমি এই ঘটনার তদন্তে সহায়তা করতে স্থানীয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় যেকোনো সম্পদ প্রদান করার জন্য স্টেট পুলিশ হেট ক্রাইমস টাস্ক ফোর্সকে (State Police Hate Crimes Task Force) নির্দেশ দিচ্ছি।

নিউ ইয়র্কে, অন্যদের প্রতি তাদের জাতি বা ধর্মের উপর ভিত্তি করে কোনও প্রকারের হিংস্রতা শুধু আমাদের মূল্যবোধের পরিপন্থী নয়, এটি বেআইনীও। আমরা কখনো ঘৃণাকে জিততে দেব না - আমরা তাকে পরাস্ত করব এবং আমাদের কাছে উপলব্ধ সকল সরঞ্জাম ব্যবহার করবো নিশ্চিত করতে যে আমাদের বাচ্চারা যেন ঘৃণার হাত থেকে নিরাপদ থাকে।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)